

খুদে শিক্ষার্থীদের আরেকটি বৈতরণি পার হওয়ার লড়াই জেএসসি ও জেডিসি পরীক্ষা আজ শুরু

নিজস্ব প্রতিবেদক ●

ঢাকার একটি বেসরকারি নিরাপত্তা কোম্পানির কর্মী মিজানুর রহমানকে দেখা গেল, অফিস শেষে ব্যাগ নিয়ে ছুটছেন, গন্তব্য গাবতলী আন্তর্জাতিক বাস টার্মিনাল। রাতে বাসে করে রংপুরের উদ্দেশে রওনা দেবেন। কারণ, ছোট মেয়ের জেএসসি পরীক্ষা।

বাংলা প্রথম পত্র পরীক্ষার মধ্য দিয়ে আজ বুধবার শুরু হচ্ছে চলতি বছরের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা। খুদে শিক্ষার্থীদের আরেকটি বৈতরণি পার করতে অভিভাবক মহলেও দৌড়ঝাঁপের শেষ নেই। এই পরীক্ষা শেষ হবে ১৮ নভেম্বর।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র বলছে, এ বছর এই দুটি পরীক্ষায় অংশগ্রহণ করবে প্রায় ২৪ লাখ ৬৯ হাজার পরীক্ষার্থী। গত বছরের তুলনায় এ বছর শিক্ষার্থী বেড়েছে ৫৬ হাজার জন। এর মধ্যে ছাত্রী বেড়েছে প্রায় ৩৬ হাজার আর ছাত্রের সংখ্যা বেড়েছে ২০ হাজার। এবারও পরীক্ষার্থীদের মধ্যে ছাত্রের চেয়ে ছাত্রীদের সংখ্যা বেশি। এ বছর ১১ লাখ ৪৪ হাজার ছাত্র এবং ১৩ লাখ ২৪ হাজার ছাত্রী পরীক্ষায় অংশ নেবে। দেশব্যাপী ২৮ হাজার ৬২৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের এসব শিক্ষার্থী ২ হাজার ৮৩৪টি পরীক্ষাকেন্দ্রে পরীক্ষায় বসবে। এ বছর বাড়ানো হয়েছে ১০০টি কেন্দ্র। যদিও এ বছর শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা কমেছে ১৩৩টি।

আন্তর্জাতিক বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপকমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার প্রথম আলোকে বলেন, পরীক্ষার যাবতীয় প্রস্তুতি শেষ করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী, এবার পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করতে হবে। তবে যানজটসহ ব্যতিক্রম হলে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

মোট পরীক্ষার্থীদের মধ্যে ২০ লাখ ৯০ হাজার জেএসসি ও ৩ লাখ ৭৮ হাজার জন জেডিসি পরীক্ষায় অংশ নেবে। জেএসসিতে অনিয়মিত পরীক্ষার্থীর সংখ্যা ৯৬ হাজার আর জেডিসিতে ১৪ হাজার জন।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, এ বছর বাংলাদেশের বাইরে সৌদি আরব, লিবিয়া, কাতার, সংযুক্ত আরব আমিরাত (ইউএই), বাহরাইন ও ওমানের মোট ৯টি কেন্দ্রে ৬৫৯ জন পরীক্ষার্থী জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নিচ্ছে। বোর্ডের হিসাবে এ বছর সবচেয়ে বেশি প্রায় ৭ লাখ পরীক্ষার্থী অংশ নিচ্ছে ঢাকা বোর্ড থেকে।